# একটি খসড়া কবিতা

সুবীর মন্ডল

পাখি তো হল না, শব্দ পুষেছি গুটি কয়
এই টুকু টুকু, উড়তে পারে না—পড়ে যায়
নিজে নিজে কিছু থেকেও শেখেনি মুখে তুলে
দিলে তবে খায়—এমন বিচ্ছু—চোখ খুলে
চেয়েও দেখে না; এত যে করছি, তন্ময়—

ভুল হবে না তো, চিনবে তো ঠিক আমাকেই
বৃদ্ধ-বয়সে—দেখবে-টেখবে—নাকি সেই
পাইলট হয়ে, যে সন্তানেরা, উড়ে যায়—
তাহাদের মত, ধর, ফিরল না—ভয় হয়
শিকারী বিড়াল, ওদেশে শুনেছি, কম নেই

খসড়া লেখাটি পড়েছি কি সেই পাল্লায়
সাদা পাতা একা, কেঁদে-কেটে তার দিন যায়!